গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

# করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলার লক্ষ্যে সিলেট বিভাগীয় কমিটির সভা

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খলিলুর রহমান<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ৩১/০৫/২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | জুম অ্যাপ্লিকেশনের মাধ্যমে ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | অনলাইন |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জানানো হয় যে দেশের পশ্চিম অঞ্চলের সীমান্তবর্তী ৭টি জেলায় কোভিড১৯ পরিস্থিতির উল্লেখযোগ্যভাবে অবনতি ঘটায় ঐ জেলাগুলোতে চলাচল সীমিতকরণে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ঐ সকল সীমান্তবর্তী জেলা হতে লোকজনের সিলেট বিভাগে যাতায়াত সম্প্রতি লক্ষ্য করা গেছে। এর মধ্যে মৌলভীবাজার জেলায় কোভিড পরীক্ষায় আক্রান্তের হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। আক্রান্তের অনেকে ঐ সীমান্তবর্তী জেলাসমূহ থেকে এসেছেন মর্মে জানা যায়। সভায় আরো জানানো হয় সিলেট বিভাগের সকল জেলার সাথে ভারতের সীমানা রয়েছে। ভারতে সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় চোরাচালান বা সীমান্ত পারাপারের জন্য সিলেট বিভাগ ঝুঁকির মধ্যে রয়েছে। কোভিড১৯ পরিস্থিতি মোকাবেলায় অধিক সতর্কতা অবলম্বন ও করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **অবমর্মমের্মে০১. কোভিড চিকিৎসা পরিস্থিতি:**<br>সভায় জানানো হয় যে সিলেট বিভাগে বর্তমানে দুটি ল্যাব তথা এমএজি ওসমানী মেডিকেল কলেজ এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ল্যাবে সরকারিভাবে কোভিড পরীক্ষা সম্পন্ন হয়। হবিগঞ্জ জেলায় আরেকটি ল্যাব স্থাপনের কার্যক্রম চলমান। সিলেট জেলার শহীদ শামসুদ্দিন হাসপাতাল কোভিড বিশেষায়িত হাসপাতাল হিসেবে কাজ করছে। এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল ও অন্যান্য জেলা, উপজেলা এবং বেসরকারি কিছু হাসপাতালে কোভিড রোগীদের চিকিৎসা দেয়া হয়। শহীদ শামসুদ্দিন বা এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে অক্সিজেন সরবরাহে ঘাটতি নেই মর্মে পরিচালক, এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল অবহিত করেন। তিনি বলেন যে হাসপাতালে অক্সিজেন সরবরাহ দু'টি প্রতিষ্ঠানের মাধ্যমে হতো। বকেয়া বিলের জটিলতার কারণে তন্মধ্যে একটি প্রতিষ্ঠান অক্সিজেন সরবরাহ বন্ধ রেখেছে। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে পত্র লিখা হলেও বিষয়টি সমাধান হয়নি। সভায় এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য মতামত প্রকাশ করা হয়।<br>সভায় কোভিড পরিস্থিতির অবনতি ঘটায় নমুনা সংগ্রহের সংখ্যা ও পরিধি বৃদ্ধি করার বিষয় আলোচনা করা হয়। | ক. এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে অক্সিজেন সরবরাহে উদ্ভূত সমস্যা সমাধানের লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ. কোভিড পরীক্ষার নমুনা সংগ্রহের সংখ্যা ও পরিধি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. পরিচালক, এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল<br>খ. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ। |
| **০২. স্বাস্থ্যবিধি অনুসরণ:**<br>করোনা পরিস্থিতি মোকাবেলায় সামাজিক দূরত্ব বজায় এবং স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয় আলোচিত হয়। সভায় মাস্ক পরিধান নিশ্চিত করার বিষয় আলোচিত হয়। সভায় মসজিদে এবং বিপণী বিতানসমূহ স্বাস্থ্যবিধি ও মাস্ক পরিধান নিশ্চিত করার জন্য মতামত প্রকাশ করা হয়। সভায় জানানো হয় বিভিন্ন রেস্টুরেন্টে সরকারি নির্দেশনা মতে আসন সংখ্যার অর্ধেক রাখার বিধিনিষেধ অমান্য করে খাদ্য সরবরাহ করছে। | ক. ধর্মীয় প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক এর ব্যবহার নিশ্চিকরণে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br>খ. বিপণীবিতান সমূহে মাস্ক পরা ও স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিতকল্পে অভিযান/পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে মালিক সমিতি/ব্যবসায়ী সংগঠনের সাথে আলোচনা করতে হবে।<br>গ. হোটেল/রেস্টুরেন্ট এ আরোপিত বিধি-নিষেধ নিশ্চিত কল্পে পরিদর্শন/অভিযান পরিচালনা করতে হবে। | ক. জেলা প্রশাসক(সকল)<br>খ. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **<u>০৩. অন্যান্য বহিঃ জেলার সাথে যোগাযোগ:</u>**<br>সভায় জানানো হয় যে, দেশের পশ্চিম অঞ্চলের সীমান্তবর্তী জেলাসমূহ থেকে ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যক্তিদের সিলেটে আগমন লক্ষ্য করা গেছে। কোভিড পরীক্ষায় এদের অনেকের পজিটিভ ফলাফল এসেছে। এ ছাড়া সিলেটের পর্যটন স্পট এবং ধর্মীয় স্থাপনা সমূহে দর্শনার্থীদের আগমন লক্ষ্য করা গেছে। ব্যবসায়িক উদ্দেশ্যে আগত ব্যক্তিগণ যাতে স্থানীয়দের সাথে মিশতে না পারে তজ্জন্য তাদের জন্য পৃথক ব্যবস্থা রাখা এবং তাদের চলাচল সীমিত রাখার বিষয় আলোচিত হয়। | ক. চলাচল সীমিত জেলাসমূহ থেকে আগত লোকজনের যাতায়াত নিয়ন্ত্রণ করতে হবে।<br>খ. এরূপ জেলা থেকে ব্যবসায়িক উদ্দেশ্যে আগত ব্যক্তিদের আবাসন/খাওয়ার পৃথক ব্যবস্থা রাখতে হবে। স্থানীয়দের সাথে তাদের মিশতে দেয়া যাবে না।<br>গ. ব্যবসায়ী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সমন্বয়ে সভা আহবান করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ. সরকারি বিধি-নিষেধ প্রত্যাহার না হওয়া পর্যন্ত পর্যটনকেন্দ্র ও অন্যান্য দর্শনীয় স্থানে পর্যটক/দর্শনার্থীদের আগমন/যাতায়াত বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট<br>খ. পুলিশ কমিশনার, সিলেট মেট্রপলিটন পুলিশ, সিলেট।<br>গ. জেলা প্রশাসক (সকল) |
| **<u>০৪. আন্তঃসীমান্ত যোগাযোগ ও চোরাচালান:</u>**<br>পরিচালক এমএজি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর জানান যে সরকারের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বর্তমানে সিলেটের বিমানবন্দরে কোন আন্তর্জাতিক যাত্রী যাতায়াত করছে না। অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ এন্ড ভ্যাট জানান বর্তমানে সীমান্তে পণ্য পরিবহণ বন্ধ রয়েছে। সভায় জানানো হয় পার্শ্ববর্তী দেশ ভারতে করোনা পরিস্থিতির অবনতি ঘটায় সীমান্তে চোরাচালান এবং অবৈধ পারাপারের ফলে কোভিড রোগের বিস্তার ঘটার আশংকা রয়েছে। সভায় সীমান্তে চোরাচালান ও অবৈধ পারাপার বন্ধে এ কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের উপর নজরদারি বৃদ্ধি এবং স্থানীয় জনপ্রতিনিধি/নেতৃবৃন্দকে সম্পৃক্ত করার বিষয় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, সামনে পবিত্র ঈদুল আযহা। এ সময় গবাদিপশু চোলাচালানের বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বনের জন্য মতামত প্রকাশ করা হয়। সভায় চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স এর অভিযান বৃদ্ধির করার বিষয়ে আলোচনা করা হয়। | ক. সীমান্তে চোরাচালান ও অবৈধ পারাপার বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ. সীমান্তে চোরাচালান এবং অবৈধ পারাপারকারীদের উপর বিশেষ নজর রাখতে হবে।<br>গ. সীমান্তে চোরাচালান বা অবৈধ পারাপারের ঘটনা ঘটলে এরূপ কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করতে হবে।<br>ঘ. সীমান্তে চোরাচালান ও অবৈধ পারাপার বন্ধে জনপ্রতিনিধি/স্থানীয় নেতৃবন্দকে সম্পৃক্ত করতে হবে।<br>ঙ. চোরাচালান বিরোধী টাস্কফোর্স অভিযোন বৃদ্ধি করতে হবে। | ক. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট<br>খ. সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট/শ্রীমঙ্গল।<br>গ. জেলা প্রশাসক (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৬.০০৪.২১.২৪৬ তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮

০৭ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৪) পরিচালক, এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট
৫) ডি আই জি , সিলেট রেঞ্জ, সিলেট।
৬) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৭) পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট।
৮) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৯) সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট।
১০) সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১১) কমিশনার, কাস্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট, সিলেট।
১২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
১৩) পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
১৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
১৫) অতিরিক্ত পরিচালক, এনএসআই, সিলেট।
১৬) পরিচালক, বিভাগীয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অফিস, সিলেট ।
১৭) বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট।
১৮) উপ-পরিচালক, তথ্য ও গণ যোগাযোগ অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
১৯) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট ।
২০) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , সিলেট।
২১) পরিচালক, এমএজি ওসমানী আর্ন্তজাতিক বিমান বন্দর, সিলেট।
২২) বিভাগীয় উপ-পরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর , সিলেট ।
২৩) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
২৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার